



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
ভূমি ও ইমারত শাখা

Bangladesh Agricultural Research Institute
Joydebpur, Gazipur-1701

Fax: 9252715
Tel: 9252538
PABX: 9252091, 9261501-05
Web: www.bari.gov.bd

স্মারক নং-বারি/বিএসজি/বিএম/জয়/১০০.০১(৭৫২)/২০১৪-১৫/০৭

তারিখ : ০৬/০৭/২০১৫ ইং

সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রমের ক্ষেত্রে ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এর প্রধান কার্যালয়সহ সকল কেন্দ্র, আঞ্চলিক কেন্দ্র, উপ-কেন্দ্র এর নির্মাণ/মেরামত ও উন্নয়নমূলক কাজের জন্য ঠিকাদার তালিকাভুক্ত করার নিমিত্তে অগ্রহী ঠিকাদারদের নিকট হইতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাইতেছে। পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট, ২০০৬ মোতাবেক ঠিকাদার কর্তৃক অতীতে সম্পাদিত কার্যক্রমের অভিজ্ঞতাসহ অন্যান্য অভিজ্ঞতার আলোকে ঠিকাদার তালিকাভুক্ত করা হইবে।

উপ-পরিচালক (অর্থ ও হিসাব শাখা), বারি, গাজীপুর এ অফিস চলাকালীন সময়ে নগদ টাকা ১০০০/- (অফেরতযোগ্য) প্রদান পূর্বক আবেদন ফরম পাওয়া যাইবে অথবা বিএআরআই এর ওয়েব সাইট (www.bari.gov.bd) হইতে ফরম সংগ্রহ করা যাইবে তবে সেক্ষেত্রে মহা-পরিচালক, বারি এর অনুকূলে ভফসিলি ব্যাংক হতে ১০০০/- টাকার পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট (অফেরতযোগ্য) আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে। আবেদনপত্র আগামী ২০/০৮/২০১৫ইং তারিখ পর্যন্ত তত্ত্বাবধায় প্রকৌশলী, বারি, গাজীপুর এর অফিসে অফিস চলাকালীন সময়ে গ্রহন করা হইবে।

কর্তৃপক্ষ যে কোন সংখ্যক আবেদনপত্র গ্রহনের এবং কোন কারন না দর্শাইয়া সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আব্দুর রাজ্জাক, পিইও)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
বারি, গাজীপুর